45

তারিখ 09 APR 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

আজকের কাগজ

# রাঙ্গামাটিতে চলছে নামমাত্র গণশিক্ষা জেলা প্রশাসনের অসন্তোষ

রাঙ্গামাটিতে গণশিক্ষা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জেলা প্রশাসক অসন্তোষ প্রকাশ করেছেন। জেলা কো-অর্ডিনেটরকে এ ব্যাপারে প্রয়োজনীয় বিভাগীয় পদক্ষেপ গ্রহণের জন্যে নির্দেশ দিয়েছেন। রাঙ্গামাটি জেলায় গণশিক্ষা কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনাকালে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গণশিক্ষা বিভাগের জেলা কো-অর্ডিনেটর জানান, রাঙামাটি সদর এলাকায় ৬০টি গণশিক্ষা কেন্দ্র বর্তমানে চালু রয়েছে। এ প্রসঙ্গে জেলা প্রশাসক গণশিক্ষা কার্যক্রমের অগ্রগতির বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন। জেলা প্রশাসক গণশিক্ষা কার্যক্রমকে আরো গতিশীল ও ব্যাপকভাবে সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন এলাকায় গণশিক্ষা কেন্দ্র চালু করার ওপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে জেলা কো অর্ডিনেটরকে প্রয়োজনীয় বিভাগীয় পদক্ষেপ গ্রহণের জন্যে নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য, রাঙ্গামাটিতে যে সব গণশিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে তা নামে মাত্র। শহরের বিভিন্ন স্থানে চালু করা এ গণশিক্ষার কার্যক্রম নামে মাত্র রয়েছে। বাস্তব ক্ষেত্রে এর কার্যক্রম নেই বললে চলে

আর যে দুই একটি রয়েছে তা নামে মাত্র। ফলে এলাকার লোকজন শিক্ষার আলো থেকে অনেক পিছিয়ে রয়েছে। অন্য এই কার্যক্রমের জন্যে আসা সরকারি বাজেটসমূহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা নিজেরাই ভোগ করছেন। এই কার্যক্রমের

জন্যে সরকারিভাবে আসা খাতা, কলম, বই শহরের বিভিন্ন বইয়ের দোকানগুলোতে বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। রাঙ্গামাটি থেকে শামসুল আলম।